২. আধা-সামরিক বাহিনী ব্যাটালিয়ন গঠন: বর্তমান আধা-সামরিক কাঠামোতে প্রতিটি কোরের জন্য আলাদা আলাদা ব্যাটালিয়ন করা হয়। যেমন- ইনফ্যান্ট্রি ব্যাটালিয়ন যারা আছে সব সম্মুখ যোদ্ধা। কিন্তু মুসলমানদের নতুন আধা-সামরিক কাঠামো হবে সকল প্রয়োজনীয় কোরকে নিয়ে একটা ব্যাটালিয়ন। প্রত্যেক ব্যাটালিয়নে ১৩৯৯ জন সৈন্য থাকবে, ১৫টি শাখা থাকবে। প্রত্যেক শাখার জন্য পৃথক পৃথক হেডকোয়ার্টার থাকবে। পুলিশ ও ফায়ার সার্ভিস আধা-সামরিক বাহিনীর শাখা হিসেবে কাজ করবে। তবে এদের অবস্থান ব্যাটালিয়নের বাইরে হবে। অর্থাৎ বর্তমানে এদের কার্যালয় যেখানে আছে সেখানেই থাকবে শুধু পুলিশ ও ফায়ার সার্ভিস আধা-সামরিক বাহিনীর নিয়ন্ত্রণে চলে আসবে। মুসলিম বঙ্গের আধা-সামরিক বাহিনী আমার বিল মারুফ মন্ত্রণালয়ের জন্য কাজ করবে এবং গোয়েন্দা শাখার একটি অংশ প্রধান আমিরের নির্দেশে কাজ করবে।

৩. আধা-সামরিক বিন্যাস: বর্তমানে বাংলাদেশের বর্ডার গার্ডের ৬৪টি ব্যাটালিয়ন, আর্মড পুলিশের ১৩টি ব্যাটালিয়ন, র‍্যাপিড অ্যাকশনের ১৫টি ব্যাটালিয়ন, পুলিশ লাইনস ৬৪টি, আনসার ও গ্রাম প্রতিরক্ষার ৪৪টি ব্যাটালিয়ন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ৮টি বিভাগীয় সদর দপ্তর মিলে মোট বাংলাদেশে আধা-সামরিক বাহিনীর ২০৮টি ব্যাটালিয়ন আছে। মুসলিম বঙ্গের ৩১৩টি আধা-সামরিক ব্যাটালিয়ন পূর্ণ করতে বাকি ১০৫টি ব্যাটালিয়ন পুরাতন কিছু থানাকে আধা-সামরিক ব্যাটালিয়নে রূপান্তর করা হবে। পুলিশ আধা-সামরিক বাহিনীর নিয়ন্ত্রণে থাকলে দেশে দুর্নীতি ১০০% কমে যাবে।

৪. মুসলিম বঙ্গের নিরাপত্তা: দেশের নিরাপত্তা ফজর থেকে শুরু করে এশা পর্যন্ত সারা দিন পুলিশ ও আনসার বাহিনী নিরাপত্তা দেবে। এশা থেকে ফজর পর্যন্ত সারা রাত সামরিক বাহিনীর জাইশে ওসামা, রাজ্জালাহ, তাহাসসুস দল নিরাপত্তা প্রদান করবে। তাদের সাথে থাকবে আধা-সামরিক বাহিনীর শুরাতিল খাস, আউয়াস, আল-মায়মুন, উয়ুন দল। সম্মিলিত দুই বাহিনীর নিরাপত্তা দেশকে দিনের থেকে রাতে বেশি নিরাপদ করে তুলবে।

সামরিক দৃষ্টিকোণ থেকে রাসূল (সা.)-এর জীবনী (কৌশলগত শিক্ষা)

সকল শাসনব্যবস্থার নিজস্ব আইন আছে এবং প্রতিটি শাসনব্যবস্থাই চায় নিজের আইনের ওপর ভিত্তি করে সকল রাষ্ট্রের সংবিধান প্রণয়ন করতে। বিশ্বব্যাপী ও দেশব্যাপী শাসনব্যবস্থার নেতৃত্বের জন্য যুদ্ধ অপরিহার্য। মুসলমানদের রাসূল (সা.) দেশব্যাপী আল্লাহর আইন কায়েমের জন্যই যুদ্ধ করেছিলেন। রাসূল (সা.)-এর নবুয়ত প্রাপ্তির আগের ৪০ বছর তিনি সবার কাছে অত্যন্ত প্রিয় এবং আল-আমিন হিসেবে পরিচিত ছিলেন। কিন্তু নবুয়ত প্রাপ্তির পর যখন তিনি আল্লাহর দাওয়াত দেওয়া শুরু করেন, তখন তৎকালীন কাফেররা তাকে মিথ্যাবাদী বলে অপবাদ দিতে শুরু করে এবং মুসলমানদের ওপর কাফেররা অমানুষিক নির্যাতন শুরু করে।

রাসূল (সা.) কাফেরদের নির্যাতনের মুখেও কখনো বিশৃঙ্খল পথ বেছে নেননি। রাসূল (সা.) মক্কার দরজা ভাঙচুর করেননি, রাস্তা বন্ধ করে জনগণের সম্পদের ক্ষতি করেননি কিংবা কোন সামরিক অভ্যুত্থানের চেষ্টাও করেননি। তবে রাসূল (সা.) বিভিন্ন গোত্রের সামরিক শক্তির খোঁজ নিতেন। রাসূল (সা.) সাহাবীদের মক্কার দূর পাহাড়ে গিয়ে ঘাঁটি গড়তে বলেননি, কারণ পাহাড়ে গিয়ে যুদ্ধ করা সহজ হলেও তা ছিল কাফের শাসকদের পদ্ধতি—যা বর্তমানের ইহুদী-খ্রিষ্টানদের মধ্যে দেখা যায়। ইসলামে প্রচার বন্ধ করতে কাফেরা রাসূল (সা.)-কে কাবার ক্ষমতা দেওয়ার প্রস্তাব দিয়েছিলো। কিন্তু রাসূল (সা.) কাবার ক্ষমতা গ্রহণ করেননি। মুসলমানরা এর থেকে শিক্ষা পায় যে ভুল উপায়ে আদর্শ বিসর্জন দিয়ে ক্ষমতায় যাওয়া ইসলামে গ্রহণযোগ্য নয়। যেমন- হতে পারে বর্তমানে প্রচলিত গণতন্ত্রের নামে খ্রিষ্টান নিয়মে নির্বাচন।

কাফেরা শত বাধা দিয়েও রাসূল (সা.)-মের দাওয়াত বন্ধ করতে পারেনি। রাসূল (সা.)-এর দাওয়াত পেয়ে ইয়াসরিব থেকে আসা একদল যুবক ইসলাম গ্রহণ করে মুসলমান হয়, যা আকাবার প্রথম শপথ হিসেবে পরিচিত। আকাবার প্রথম শপথের এক বছর পর আবার একটি চুক্তি হয়, যাকে আকাবার দ্বিতীয় শপথ বলে। দ্বিতীয় শপথের কয়েকটি চুক্তির মধ্যে একটি চুক্তি ছিল কাফেরদের নির্যাতনের হাত থেকে তারা রাসূল (সা.)-কে নিজেদের নারী ও শিশুর মতো হেফাজত করবে। আকাবার শপথকারীরা ছিলেন মূলত মুসলমান ও সক্ষম যোদ্ধা। রাসূল (সা.)-এর দাওয়াতের কারনে। যখন মক্কার কাফেরদের নির্যাতন চরমে পৌঁছালো, তখন রাসূল (সা.) সবাইকে হিজরতের নির্দেশ দিলেন। হিজরত মানে নিজের এলাকা ছেড়ে অন্য শাসকের এলাকায় যাওয়া, পাহাড়ের গুহায় আত্মগোপন করা নয়। রাসূল (সা.) হিজরতের জন্য দুই ধরনের স্থানের ইঙ্গিত দিয়েছেন: ১. যেখানে ন্যায়পরায়ণ শাসক আছে, ২. যেখানে মুসলমান ও তাদের সামরিক সক্ষমতা আছে।

হিজরতের প্রথম দিকে রাসূল (সা.) সাহাবীদের আবিসিনিয়ায় পাঠান কারণ সেখানকার রাজা ছিলেন ন্যায়পরায়ণ। তবে রাসূল (সা.) আবিসিনিয়ায় হিজরত না করে ইয়াসরিব বা মদিনায় হিজরত করেন। রাসূল (সা.)-এর মদিনার হিজরতকে সামরিক দৃষ্টিভঙ্গি থেকে পর্যবেক্ষণ করলে, মদিনায় হিজরতের পাঁচটি কারণ উঠে আসে: ১. মদিনাতে নিরাপত্তা ছিল। ২. যুদ্ধের অস্ত্র মজুদ করা যাবে। ৩. সামরিক প্রশিক্ষণ নেওয়া যাবে। ৪. ভৌগোলিক অবস্থানের কারণে সুবিধা পাওয়া যাবে। ৫. যেকোন সময় যুদ্ধ করা যাবে।

রাসূল (সা.) এই পাঁচটি সুবিধা মদিনাতে পেয়েছিলেন এবং সে কারণেই রাসূল (সা.) মদিনাতে হিজরত করেছিলেন। মদিনায় যাওয়ার পর তিনি মক্কার কাফেরদের বাণিজ্যিক কাফেলায় হামলা শুরু করেন। যেমন- বর্তমানের বড় কোম্পানি, টোলপ্লাজা ও গ্যাসফিল্ডের মতো গুরুত্বপূর্ণ অর্থনৈতিক উৎসগুলো। বাণিজ্যিক কাফেলায় হামলা করার কারণে কাফেররা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে এবং তারা ক্ষিপ্ত হয়ে বদরের যুদ্ধে লিপ্ত হয়। আল্লাহ তাআলা বদরের যুদ্ধে অল্প সৈন্য ও রসদ মাধ্যমে মুসলিমদের বিজয় দান করেন। হিজরতের পর থেকে রাসূল (সা.) আল্লাহর আইন অনুযায়ী মদিনাকে পরিচালনা শুরু করেন। মদিনা রাষ্ট্রব্যবস্থার সাফল্য ও সৌন্দর্য দেখে কাফেররা হিংসাগ্রস্ত হয়ে পড়ে, যার ধারাবাহিকতায় পরবর্তীতে মক্কা বিজয় সম্পন্ন হয় এবং একটি পূর্ণাঙ্গ ইসলামিক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠিত হয়। ইসলাম যে একটি পূর্ণাঙ্গ রাষ্ট্রব্যবস্থা, তা মদিনা রাষ্ট্র কাঠামোর মাধ্যমেই প্রমাণিত। কেবল মদিনা রাষ্ট্রব্যবস্থার মাধ্যমেই মুসলমান জাতিকে ঐক্যবদ্ধ করে রাষ্ট্রীয় পরিবর্তন আনা এবং পৃথিবীতে আল্লাহর দেওয়া দায়িত্ব পালন করা সম্ভব।

মুসলমানদের রাজনৈতিক আদর্শ (সাহাবাদের রাজনীতি)

রাসূল (সা.) হলেন মুসলমানদের আদর্শ, আর রাসূল (সা.)-এর সাহাবীগণ হলেন মুসলমানদের রাজনৈতিক আদর্শ। রাসূল (সা.) যখন হিজরত করে মদিনাতে গিয়েছিলেন, তখন থেকে তিনি রাষ্ট্র পরিচালনা শুরু করেছেন, দল পরিচালনা করেননি। অর্থাৎ বর্তমান রাষ্ট্রের মতো মন্ত্রীপরিষদ ছিলো, যাকে ওয়ালি বলে। রাসূল (সা.) নির্মিত রাষ্ট্রব্যবস্থাকে সাহাবীগণ বিশ্বনেতৃত্বে পৌঁছিয়েছেন, তাই সাহাবাগণ মুসলমানদের রাজনৈতিক আদর্শ। সকল নবী, রাসূল ও সাহাবাগণের রাজনীতি ছিলো অভাবগ্রস্ত ও দুর্বলদেরকে নিয়ে, যার যাকাত প্রথা ও সূরা আবাসা-র মাধ্যমে জানা যায়। রাসূল (সা.)-মের সাহাবীগণ গরিবের খোঁজ-খবর নিতেন, এতিমের পাশে থাকতেন। ধনবানদের থেকে অর্থ নিয়ে গরিবদের মাঝে বিলিয়ে দিতেন। সাহাবাগণের রাজনীতিতে আল্লাহর আইন ছিল সর্বোচ্চ এবং আল-কোরআন ও সুন্নাহ ছিল সকল আইনের উৎস। রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে সাহাবাগণ শুধুমাত্র আল্লাহ প্রদত্ত আইন ও নীতির ভিত্তিতে কার্য পরিচালনা করতেন। সাহাবীগণ, বিশেষ করে খোলাফায়ে রাশেদিনের (প্রথম চার খলিফা) শাসনামলে, ন্যায়বিচার (ইনসাফ) প্রতিষ্ঠা ছিল প্রধান লক্ষ্য। হযরত আলী (রাঃ)-এর মতো সাহাবীগণ ন্যায়বিচারের উদাহরণ সৃষ্টি করেছেন। নেতৃত্ব নির্বাচনের ক্ষেত্রে সাহাবীগণ যোগ্যতা ও আল্লাহভীতিকে প্রাধান্য দিতেন। ক্ষমতা বা পদের জন্য লোভী ব্যক্তিকে নেতা নির্বাচন করা হতো না, বরং সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও বিশেষজ্ঞ ব্যক্তিকেই নেতৃত্ব দেওয়ার জন্য মনোনীত করা হতো। সাহাবীগণ গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে শূরা- পরামর্শ গ্রহণ করতেন। জনগণের কল্যাণ ও অকল্যাণ সুষ্ঠু এবং সুচিন্তিত সিদ্ধান্তের ওপর নির্ভর করে—এই বিশ্বাসে সাহাবীগণ শূরা পদ্ধতির ওপর জোর দিতেন।

সাহাবায়ে কিরাম (রা.)-এর জীবন ছিল নবীর আদর্শের জীবন্ত প্রতিচ্ছবি। সাহাবীগণ সর্বক্ষেত্রে রাসূল (সা.)-এর আদেশ-নিষেধ, শিক্ষা ও নির্দেশনা মেনে চলতেন এবং রাসূল (সা.)-এর আনুগত্যকে সবকিছুর ওপর প্রাধান্য দিতেন। সাহাবীগণের জীবন ছিল নবীর-আদর্শের পরিপূর্ণ ও একনিষ্ঠ অনুকরণ। আল্লাহর উপর এবং ইসলামের আইনসমূহে সাহাবীগণ অটল বিশ্বাসী ছিলেন। এর জন্য সাহাবীগণ কাফেরদের যেকোন জুলুম-নির্যাতন সহ্য করতে প্রস্তুত থাকতেন। সাহাবীগণ মানুষকে কল্যাণের পথে আহ্বান করতেন এবং সৎকাজের আদেশ ও অসৎকাজের নিষেধকে নিজেদের দায়িত্ব মনে করতেন। সাহাবীগণ নিজেদের প্রয়োজন পূরণের চেয়ে অন্যের প্রয়োজন পূরণ করার প্রতি বেশি গুরুত্ব দিতেন। এটি ছিল সাহাবীগণের স্বভাবগত অভ্যাস। সাহাবীগণ কাফেরদের প্রতি কঠোর হলেও নিজেদের মধ্যে পরস্পর সহানুভূতিশীল ছিলেন। রাসূল (সা.)-এর উম্মতের শ্রেষ্ঠতম দল সাহাবায়ে কেরাম (রা.)-রা ছিলেন এবং কিয়ামত পর্যন্ত আগত সমগ্র মুসলমানদের জন্য ঈমানের মাপকাঠি। সাহাবীগণের ঈমানের অনুসরণ-অনুকরণ করাকে প্রত্যেক মুসলমানের ইহকালীন কল্যাণ ও পরকালীন মুক্তির অন্যতম উপায় হিসেবে গণ্য করা হয়।

সাহাবায়ে কেরাম হলেন মুসলমানদের ঈমানের মাপকাঠি। বিষয়টি একটি উদাহরণের মাধ্যমে সহজে বোঝা যায়। ধরুন, আপনি একটি টেবিলের ওপর একটি বোতল রাখলেন। এখন যদি আপনাকে প্রশ্ন করা হয়—এই বোতলটি ছোট না কি বড়? আপনি নিশ্চিতভাবে কোন উত্তর দিতে পারবেন না। কারণ ছোট বা বড় হওয়ার বিষয়টি আপেক্ষিক। কিন্তু যখন ওই বোতলটির পাশে আমি আরও একটি বড় বা ছোট বোতল রাখব, তখনই কেবল আপনি তুলনা করে বলতে পারবেন আগের বোতলটি আসলে কতটুকু বড় বা ছোট। এই দ্বিতীয় বোতলটিই হলো প্রথম বোতলের জন্য মাপকাঠি।

ঠিক তেমনিভাবে, বর্তমান সময়ে মুসলমানদের মধ্যে অনেক দল ও মতের সৃষ্টি হয়েছে। মুসলমানদের এই বিভক্তির ইতিহাসে ঈমানদার যদি নিজেদের একককভাবে বিচার করে, তবে ঈমানদার সত্য না কি মিথ্যার ওপর আছে, তা কখনোই সঠিকভাবে বুঝতে পারব না। এক্ষেত্রে সাহাবায়ে কেরাম হলেন ঈমানদাদের সেই পরম মাপকাঠি। ঈমানদারদের বিশ্বাস আমল এবং আদর্শকে যখন মুসলমানরা সাহাবাদের জীবনের সাথে মিলিয়ে দেখব, তখনই কেবল মুসলমানরা বুঝতে পারব তারা সঠিক পথে আছি কি না। বোতলের উদাহরণের মতো,নিজের ঈমানকে সাহাবাদের ঈমানের পাশে রাখলেই কেবল সত্য ও মিথ্যার পার্থক্য মুসলমানদের কাছে স্পষ্ট হয়ে উঠবে।

রাসূল (সা.)-এর জীবনীর আলোকে মুসলমানদের করণীয় (ইসলামিক কৌশল)

বাংলাদেশের মুসলমানরা আল্লাহর আইন বাস্তবায়ন করতে চায়। মুসলমানদের এই মহান লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজন একটি ঐক্যবদ্ধ জাতির, আর জাতির ঐক্যের জন্য অপরিহার্য ইসলামিক রাষ্ট্রব্যবস্থার। ইসলামিক রাষ্ট্রব্যবস্থার মূল ভিত্তি মদিনা রাষ্ট্র। রাসূল (সা.) যেভাবে মদিনা রাষ্ট্র কায়েম করেছিলেন, বর্তমান মুসলমানদের সেই সুন্নাহর সাথে মিল রেখেই কাজ করতে হবে।

রাসূল (সা.)-মের মদিনা রাষ্ট্র গঠনের সাতটি ধাপ ছিল: ১. তিনি ইসলামের দাওয়াত প্রদান করেন। ২. হিজরতের কৌশলগত স্থান নির্ণয় করেন। ৩. হিজরতের পূর্বে আকাবার শপথ বা সামরিক চুক্তি করেন। ৪. চূড়ান্ত হিজরত করেন। ৫. মদিনাতে ইসলামিক রাষ্ট্রব্যবস্থার শুরু করেন। ৬. শত্রুর বাণিজ্যিক কাফেলাতে হামলা করেন। ৭. সময় ও কৌশল অনুযায়ী সম্মুখ বদর -যুদ্ধ করেন।

বর্তমান প্রেক্ষাপটে মুসলমানদের করণীয়:
১. ইসলামের দাওয়াত: ইসলামের দাওয়াতের কাজ বর্তমানে ব্যাপকভাবে চলছে এবং এটি কিয়ামত পর্যন্ত একটি চলমান প্রক্রিয়া।

২. হিজরতের কৌশলগত স্থান নির্ণয়: বাংলাদেশের থেকে অনেক দূরে কোন ন্যায়পরায়ণ শাসকের দেশে হিজরত করা বর্তমান রাষ্ট্রব্যবস্থায় অত্যন্ত কষ্টসাধ্য। তাই রাসূল (সা.)-এর দ্বিতীয় পদ্ধতিটিই বাংলাদেশের জন্য কার্যকর, দ্বিতীয় পদ্ধতি অনুসারে যেখানে নিরাপত্তা আছে, সমরাস্ত্র মজুদ করা যাবে ও সামরিক প্রশিক্ষণের সুযোগ আছে। ভৌগোলিক অবস্থান এবং যুদ্ধের সময়োপযোগিতা বিবেচনা করলে বাংলাদেশের পার্শ্ববর্তী অঞ্চল আরাকানকে একটি উপযুক্ত স্থান হিসেবে চিহ্নিত করা যায়, যেখানে মজলুম আরাকানি মুসলমানরা বিদ্যমান।

৩. হিজরতের পূর্বে সামরিক চুক্তি: রাসূল (সা.) যেমন মদিনার আনসারদের সাথে আকাবার শপথ করেছিলেন, তেমনি আরাকানের মুজাহিদদের সাথে একটি সুনির্দিষ্ট চুক্তি করা প্রয়োজন। চুক্তির সংক্ষিপ্ত রূপরেখা দেওয়া হলো:
ক. আল-কোরআন ভিত্তিক পূর্ণাঙ্গ মদিনা রাষ্ট্রব্যবস্থা চালু করতে হবে।
খ. সকল বাংলাদেশের মুজাহিদকে সপরিবারে আরাকানের নাগরিকত্ব প্রদান করতে হবে।
গ. বাংলাদেশের মুজাহিদদের জান-মালের পূর্ণ নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
ঘ. বাংলাদেশের মুজাহিদগণ সামরিক বাহিনীর অংশ হবেন এবং তাদের নিজস্ব স্থায়ী সামরিক ঘাঁটি থাকবে।
ঙ. বাংলাদেশের মুজাহিদদের প্রাথমিক প্রশিক্ষণ ও প্রয়োজনীয় সমরাস্ত্রের জোগান দিতে হবে।
চ. চুক্তি অনুসারে শাসনব্যবস্থা, নাগরিকত্ব ও নিরাপত্তার মৌলিক শর্তসমূহ কখনো পরিবর্তন বা নবায়নযোগ্য হবে না।
ছ. বাংলাদেশের কোন মুজাহিদ আত্মঘাতী হামলায় অংশগ্রহণ করবে না।
জ. বাংলাদেশে ভিত্তিক মুজাহিদ বাহিনীর জন্য আলাদা কমান্ডার থাকবে।
ঝ. বাংলাদেশের কমান্ডাররা আরাকানের মূল কমান্ডারের আদেশ পালন করবেন।
ঞ. বহিরাগত বা অন্য স্থান থেকে আসা মুজাহিদগণ কখনোই আরাকানের রাষ্ট্রীয় ক্ষমতায় যাবেন না।
ট. আরাকান যুদ্ধের মূল কমান্ডার অবশ্যই আরাকানি মুসলমানদের মধ্য থেকে হতে হবে।
ঠ. যুদ্ধের চলমান ব্যয়ভার উভয় পক্ষ যৌথভাবে বহন করবে।
ড. কোন প্রকার অত্যাচারী বা অপরাধী ব্যক্তিকে প্রশ্রয় ও আশ্রয় দেওয়া যাবে না।
ঢ. চুক্তিবদ্ধ কোন পক্ষের বিরুদ্ধে কেউ আক্রমণ করলে সবাই সম্মিলিতভাবে তা প্রতিহত করবে।

৪. চূড়ান্ত হিজরত ও সঠিক দল নির্বাচন: মুসলমানদেরকে আরাকানে হিজরতের জন্য মানসিকভাবে প্রস্তুত হতে হবে। দীর্ঘ ৫০ থেকে ১০০ বছর আরাকান মুসলমানরা সভ্যতার ছোঁয়া ও মৌলিক অধিকার থেকে বঞ্চিত থাকায় অনেকের আচরণ ও মানসিক অবস্থা খারাপ হতে পারে। আরাকান মুসলমানদের চারিত্রিক সংশোধন এবং মদিনা রাষ্ট্র গঠনে সহায়তা করা বাংলাদেশের মুসলমানদের ঈমানি দায়িত্ব। আরাকানে বর্তমানে বেশ কিছু সক্রিয় দল রয়েছে, যাদের মধ্য থেকে বাংলাদেশকে সঠিক দলটি বেছে নিতে হবে। সঠিক দলের মানদণ্ড হবে—যারা সুন্নাহ মোতাবেক চলে, যাদের কপালে সালাতের চিহ্ন আছে, যারা মানুষের প্রতি দয়ালু এবং যারা কাফের ও মুনাফিকদের বিরুদ্ধে লড়াইরত, তারাই মূলত মুসলমান দল।

সঠিক দল চেনার জন্য নিজের আমল সংশোধন জরুরি; কারণ আমি ভুল পথে থাকলে ভুল দলেই অন্তর্ভুক্ত হবো। আরাকানের কিছু আলেম হকের পক্ষে কথা বলেন না বা নিজেরা হকের জন্য লড়াই করেন না, ফলে তাদের পক্ষে সঠিক দল চেনা কঠিন। তাই প্রকৃত মুসলমান বাহিনী যাচাই করতে প্রয়োজনে ১-২ বছর সময় নিতে হবে। এই সময়ের মধ্যে প্রাথমিক যুদ্ধের প্রশিক্ষণ নিতে হবে, কারণ কিতাবি ডিগ্রির চেয়ে ময়দানের বাস্তব জ্ঞানই মদিনা রাষ্ট্র প্রতিষ্ঠার কাজে বেশি কার্যকর। আল্লাহ তাআলা বলেন, তোমরা হীনবল হয়ো না এবং দুঃখিত হয়ো না; তোমরাই বিজয়ী হবে যদি তোমরা মুমিন মুসলমান হও।-আল ইমরান: ১৩৯

কেন মুসলমানদের আরাকানে হিজরত প্রয়োজন:
ক. ভূ-রাজনৈতিক নিরাপত্তা: বাংলাদেশে ভারত ও আমেরিকার আসন্ন আগ্রাসন ও হামলা থেকে নিজেদের রক্ষা করতে একটি নিরাপদ কৌশলগত অবস্থান তৈরি করা।

খ. কৌশলগত সুরক্ষা: ভারত ও আমেরিকাকে মোকাবিলা করার সময় নিজেদের শারীরিক নিরাপত্তার জন্য তাবলীগকে এবং ঢাল হিসেবে অন্যান্য ইসলামি দলকে ব্যবহার করা। এতে মুসলিম বঙ্গ পুনর্গঠনের সময় মুসলমানদের অন্য কোন গোষ্ঠী বাধার সৃষ্টি করতে পারবে না। মুসলমান শক্তিকে কার্যকরভাবে কাজে লাগাতে আরাকানে হিজরত অপরিহার্য।

গ. নেতৃত্বের সুরক্ষা: যুদ্ধের ময়দানে টিকে থাকাই বড় বিজয়। মুসলমান নেতারা জীবিত আছেন—এই চিন্তাটি কাফেরদের জন্য আতঙ্কের কারণ। তাই নেতারা নিরাপদ স্থানে অবস্থান কাফেরদের মনে ত্রাস বজায় রাখে।

ঘ. আল্লাহর প্রতিনিধির সুরক্ষা: আল্লাহর প্রকৃত প্রতিনিধি তিনিই, যাঁর ভয়ে অপরাধী ও রাসুল (সা.)-এর কুৎসা রটনাকারীরা ভীত হয়। গত ৫০ বছরে বাংলাদেশে এমন নেতৃত্ব দেখা গেছে, যারা কেবল সঠিক সময়ে হিজরত করে নিরাপদ স্থানে সরে না যাওয়ার কারণে শত্রুর হাতে শহীদ হয়েছেন। তারা জীবিত ও নিরাপদ থাকলে শত্রুপক্ষ সবসময় আতঙ্কে থাকত।

ঙ. সামরিক শক্তি পুনর্গঠন: বর্তমান সেনাবাহিনীর অস্ত্রশস্ত্র ইসলামিক সরকারের নিয়ন্ত্রণে আনা এবং নতুন মুজাহিদদের জন্য প্রয়োজনীয় সমরাস্ত্র নিশ্চিত করার জন্য আরাকানে হিজরত করা।

চ. নেতৃত্বের নিরাপত্তা: ইসলামিক সরকারের মন্ত্রীদেরকে শত্রুর খাঁচা থেকে সরিয়ে নিরাপদ ও দুর্ভেদ্য অবস্থানে রাখার জন্য আরাকানে হিজরত করা।

৫. ইসলামিক রাষ্ট্রব্যবস্থার সূচনা: রাসূল (সা.) মদিনায় হিজরত করার পরপরই সেখানে রাষ্ট্রব্যবস্থা শুরু করে ছিলেন। বর্তমান সময়ে মুসলমানদের জন্যও মদিনা রাষ্ট্রব্যবস্থা চালু করা অপরিহার্য। মুসলমানদের এমন পদক্ষেপ যা কাফেরদের মনে ক্রোধের কারণ হয়… কাফেরদের ক্রোধের বিনিময়ে মুসলমানদের জন্য নেক আমল লেখা হয়। (আত-তাওবা: ১২০)

কেন মুসলমানরা মদিনা রাষ্ট্রব্যবস্থা চালু করবে:
ক. আমিরাত প্রতিষ্ঠা: মুসলমানদের পূর্বপুরুষগণ দাওয়াতের মাধ্যমে অগণিত মুসলমান এবং মসজিদ-মাদ্রাসার মতো সম্পদ রেখে গেছেন। এখন সময় এসেছে এই সম্পদগুলোকে কাজে লাগিয়ে মদিনা রাষ্ট্রের আদলে মুসলিম বঙ্গ প্রতিষ্ঠা করার। কেবল পূর্বপুরুষদের মতো দাওয়াতের গণ্ডিতে সীমাবদ্ধ থাকা মানে মদিনা রাষ্ট্রকে পিছিয়ে দেওয়া। বর্তমান সরকারের শিকড় উপড়ে ফেলতে এবং তাদের ওপর পূর্ণ নজরদারি করতে একটি সমান্তরাল ইসলামিক সরকার ব্যবস্থার প্রয়োজন।

খ. মুমিন ও মুনাফিকের সীমারেখা: বাংলাদেশে কাফেরের চেয়ে মুনাফিকের সংখ্যা বেশি। মুমিন ও মুনাফিকের মধ্যে একটি স্পষ্ট সীমারেখা টানা প্রয়োজন, যার একপাশে থাকবে সত্যনিষ্ঠ মুসলমান এবং অন্যপাশে সুবিধাবাদী মুনাফিকরা। এই বিভাজন রেখা ছাড়া খ্রিষ্টানদের গণতন্ত্রের রাজনীতি বিলুপ্ত করা সম্ভব নয়।

গ. খ্রিষ্টানদের জঙ্গি রাজনীতির অবসান: বর্তমান দলভিত্তিক রাজনীতি খ্রিষ্টানদের তৈরি। দল পদ্ধতিতে কাফেরা যাকে ইচ্ছা জঙ্গি তকমা দিয়ে দমন করে এবং জনগণকে আতঙ্কিত রাখে। কেবল সামরিক অভিযান দিয়ে রাষ্ট্র কায়েম হয় না—এটিও একটি ভুল ধারণা। তালেবানরা যেমন কাবুল বিজয়ের আগেই অন্যান্য প্রদেশগুলোকে রাষ্ট্রের ন্যায় পরিচালনা করত, আমাদেরও তেমনি নিজস্ব রাষ্ট্র কাঠামো গড়ে তুলতে হবে।

ঘ. নতুন জনবল ও কাঠামো তৈরি: ইতিহাস সাক্ষ্য দেয় যে মুনাফিকি করে এবং বিদ্যমান সামরিক শক্তি ব্যবহার করে যারা মদিনা রাষ্ট্র চালু করতে চেয়েছেন, তারা ব্যর্থ হয়েছেন এবং প্রাণ হারিয়েছেন, যেমন-মিশর। বাংলাদেশকে মুসলমানদের নিয়ন্ত্রণে রাখতে হলে কাফেরদের গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার কর্মী বাদ দিয়ে সম্পূর্ণ নতুন কর্মী নিয়োগ ও প্রশিক্ষণ দিতে হবে। এই বিশাল কর্মযজ্ঞের জন্য মুসলিম বঙ্গের সরকার ব্যবস্থা একটি প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে।

ঙ. বিকল্প সিংহাসন নির্মাণ: বাংলাদেশের মুসলমানদের উদ্দেশ্য কাফেরদের তৈরি ইবলিশি সিংহাসনে বসা নয় বরং আল-কোরআনের আইন অনুযায়ী মুসলমানদের নিজস্ব সিংহাসন তৈরি করা। মুসলমানদের সিংহাসন বর্তমান গণতান্ত্রের সিংহাসনকে চূর্ণ-বিচূর্ণ করে দেবে।

চ. রাজনৈতিক প্রভাব বিস্তার: বর্তমান রাজনীতি কাফেরদের তৈরি, তাই মুসলমানরা কাফেরদের রাজনৈতিক চালে ব্যস্ত আছে। পরিস্থিতির মোড় মুসলমানদের অনুকূলে আনতে হলে নিজস্ব নতুন রাজনীতির কোন বিকল্প নেই।

ছ. পরিচালনা: এই জমিন, ব্যাংক, স্কুল, হাসপাতাল ও জনগণ—সবই আল্লাহর এবং মুসলমানদের প্রাপ্য। বর্তমানে ইবলিশের অনুসারীরা এগুলো পরিচালনা করছে। নতুন করে সব তৈরির বদলে বিদ্যমান সম্পদগুলো থেকে ইবলিশি শক্তিকে সরিয়ে দিয়ে মুসলমানরা পরিচালনা শুরু করবে। সবকিছু পরিচালনা করা সম্ভব কেবল সুসংগঠিত সরকার ব্যবস্থার মাধ্যমে।

জ. নেতৃত্ব নির্বাচন: দলের নেতা কখনো গোটা জাতির নেতা হতে পারে না। গণতন্ত্র কেবল দলের অনুগত নেতা তৈরি করে, যা স্বৈরাচার ও সুদি মহাজনদের জন্ম দেয়। গণতান্ত্রিক রাজনীতির ফলে সাধারণ মুসলমান মুনাফেকির পথে ধাবিত হয়। এখন সময়ের দাবি খ্রিষ্টানদের রাজনৈতিক মঞ্চের বিপরীতে মুসলমানদের রাজনৈতিক মঞ্চ তৈরি করা।

ঝ. মুজাহিদ বাহিনী: যারা হিজরত করবে তাদের পরিবারের নিরাপত্তা, মুজাহিদদের রিজার্ভ রাখা এবং রাষ্ট্রের দাপ্তরিক কাজ সচল রাখতে মুসলিম বঙ্গ রাষ্ট্রব্যবস্থা জরুরি। এমনকি কাফেররা যদি শীর্ষ নেতাকে হত্যাও করে, মুসলিম বঙ্গের রাষ্ট্র কাঠামোর মাধ্যমে তাৎক্ষণিকভাবে নতুন নেতা তৈরি হবে, যাতে মুসলমান জাতি কখনো নেতৃত্বশূন্য না হয়।

ইসলামিক রাষ্ট্রব্যবস্থা চালু করার জন্য মুসলমানদের করণীয়:

ক. মন্ত্রণালয় গঠন: শূরা পদ্ধতির ভিত্তিতে সর্বোচ্চ তেত্রিশ (৩৩) সদস্যবিশিষ্ট মন্ত্রণালয় গঠন করা। এই মন্ত্রণালয় একটি শক্তিশালী প্রশাসনিক কাঠামোর হিসাবে কাজ করবে।

খ. ধর্মীয় বৈধতা: মুসলিম বঙ্গের সরকার ব্যবস্থাটি একটি সংগঠন রূপে পরিচালিত হবে, যার নাম হবে-সৎকাজের আদেশ ও অসৎকাজের নিষেধ। মুসলিম বঙ্গের সরকারের সত্যতা, স্বচ্ছতা ও ধর্মীয় গ্রহণযোগ্যতা নিশ্চিত করার জন্য শূরা সদস্যগণ দেশের সর্বজনমান্য শীর্ষস্থানীয় আলেমদের সামনে আল্লাহর নামে শপথ গ্রহণ করবেন। যেমন- আল্লামা শাহ মুহিব্বুল্লাহ বাবুনগরী।

গ. সরকারি নিয়োগ: মুসলিম বঙ্গের শূরা সদস্যদের মধ্য থেকে যাকে যে মন্ত্রণালয়ের আমির হিসেবে নিযুক্ত করা হবে, তাঁর নাম ও পদবিসহ একটি আনুষ্ঠানিক নিয়োগপত্র তৈরি করা। এবং (খ) নং অনুচ্ছেদে উল্লিখিত আলেমদের উপস্থিতিতে সেই পত্রে স্বাক্ষর নেওয়া। এই নিয়োগপত্রটি বাংলা ও আরবি উভয় ভাষায় হবে, যাতে ভবিষ্যতে এর বৈধতা ও ভিত্তি নিয়ে কোন সংশয় না হয়।

ঘ. মুসলমানদের রাজনীতি: মুসলিম বঙ্গের নিযুক্ত প্রত্যেক আমিরকে ৫ থেকে ৭টি করে মডেল মসজিদের দায়িত্ব প্রদান করা। প্রতেক আমির দায়িত্বপ্রাপ্ত মসজিদে নবীদের আদর্শের ভিত্তিতে রাজনীতি করবেন এবং জনগণের সেবার মাধ্যমে নিজেদের জনপ্রিয় করে তুলবেন।

ঙ. কৌশলগত অবস্থান: ইসলামিক সরকারের আমিরগণ বর্তমান প্রশাসনের কাছে নিজেদের কর্মকাণ্ডকে ভবিষ্যৎ নির্বাচনের প্রস্তুতি হিসেবে উপস্থাপন করবেন। এই বক্তব হবে আমিরগণের কৌশলগত অবস্থান, যাতে মূল লক্ষ্য অর্জনের আগে কোন বাধা না আসে। কিন্তু সাধারণ মুলমানদের নিকট সঠিক পথ উপস্থাপনা করবেন।

চ. গণতন্ত্রের পতন: তুমি বাঁচাও তোমার জাতি, তুমি সাজাও তোমার দেশ—এই মূলমন্ত্র নিয়ে মুসলমানদের এগোতে হবে। ইতিহাস বলে কেউ স্বেচ্ছায় ক্ষমতা হস্তান্তর করে না; শাসনতন্ত্রের পরিবর্তন ঘটাতে হলে ক্ষমতা বুঝে নিতে হয়। মুসলমানদের বর্তমান কাজ হবে মন্ত্রণালয়ভিত্তিক প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ করা। মন্ত্রণালয়ভিত্তিক তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন হলে সরকার কর্তৃক নিযুক্ত ব্যক্তিরা মডেল মসজিদ কেন্দ্রিক সমস্যাগুলো চিহ্নিত করবেন এবং জনগণের কাছে তার ইসলামিক সমাধান তুলে ধরবেন। ইসলামিক সমাধানের মাধ্যমেই আমিরগণ ধাপে ধাপে প্রশাসনিক ক্ষমতা ও কাজ বুঝে নেব। ইসলামিক সরকার ব্যবস্থার মাধ্যমে আমিরগণ বর্তমান গণতান্ত্রিক সরকার ব্যবস্থাকে চারপাশ থেকে ঘেরাও করব যাতে বাংলাদেশে ইহুদী- খ্রিষ্টানদের গণতন্ত্রের পতন ও ধ্বংস অনিবার্য হয়ে যায়।

৬. বাণিজ্যিক কাফেলাতে হামলা ও অর্থনৈতিক কৌশল: রাসূল (সা.) মদিনায় রাষ্ট্র প্রতিষ্ঠার প্রাথমিক পর্যায়ে কুরাইশদের বাণিজ্যিক কাফেলাতে হামলা করেছিলেন। সেই সুন্নাহর আলোকে বর্তমান ব্যবস্থার সামরিক, আধা-সামরিক ও অভ্যন্তরীণ বাহিনীর ঐক্যের মূল ভিত্তি অর্থ ব্যবস্থা দুর্বল করে দিতে হবে। বর্তমান বাহিনী যখন পর্যাপ্ত অর্থ পাবে না, তখন তাদের দমন-পীড়ন ও শাসনের শক্তি কমে যাবে।

বর্তমান সরকারের বাণিজ্যিক লক্ষ্যবস্তু এবং মুসলমানদের কৌশল:
ক. গার্মেন্টস ও গ্যাস খাত: বর্তমান সরকার রেমিট্যান্স আয় করছে গার্মেন্টস শিল্পে কম দামে গ্যাস দিয়ে, যেখানে সাধারণ মুসলমানদের বেশি দামে এলপিজি কিনতে হচ্ছে। এর বিরুদ্ধে জনসচেতনতা তৈরি করা।

খ. ব্যক্তিগত আয়কর: সাধারণ মুসলমানদের মাসিক আয়ের ওপর বর্তমান সরকার যে কর বসাচ্ছে, তাকে মুসলমানদের সম্পদ লুট হিসেবে চিহ্নিত করে জনমত গড়ে তোলা এবং যারা আয়কর দিয়ে খ্রিষ্টানদের গণতন্ত্রকে টিকিয়ে রাখবে তারা মুনাফিক।

গ. গ্রুপ কোম্পানি ও ব্যাংক-বীমা: বর্তমান গ্রুপ কোম্পানিগুলোর একচেটিয়া ব্যবসার কারণে মুসলমান যুবকরা নতুন ব্যবসা করতে পারছে না এবং গ্রুপ কোম্পানি পণ্যের দাম বাড়াচ্ছে সিন্ডিকেট তৈরি করে, তা জনগণের সামনে তুলে ধরা।

ঘ. ভ্যাট ও বহুমুখী কর: সাধারণ মুসলমানের এক মাসের আয় থেকে বর্তমান সরকার বারবার কর নিচ্ছে। যেমন—প্যাকেটজাত পণ্য, টোল, খাজনা, গ্যাস বিল, বিদ্যুৎ বিল থেকে বারবার করের নামে খাজনা আদায় করছে। এক মাসের আয় থেকে বারবার কর নেওয়ার কারণে সাধারণ মানুষ অভাবী হচ্ছে। বর্তমান সরকারের কর প্রথার বিরুদ্ধে মুসলমানদের মনে ঘৃণার সৃষ্টি করা।

ঙ. পাসপোর্ট ও নবায়ন ফি: রেমিট্যান্স যোদ্ধাদের পাসপোর্ট নবায়ন ফি মওকুফের দাবি তোলা এবং শ্রমিক প্রবাসীদের থেকে বর্তমান পাসপোর্ট ফি আদায়কে জুলুম হিসেবে সাব্যস্ত করা।

চ. ভ্রমণ কর: বিদেশে কর্মরত শ্রমিক রেমিট্যান্স যোদ্ধাদের জন্য স্থল, জল ও আকাশপথে ভ্রমণ কর তাদের সম্মানে মওকুফ করার দাবি তোলা এবং তাদেরকে উন্নত চিকিৎসা ফ্রি করে দেওয়া।

ছ. সরকারি দুর্নীতি দমন: সরকারি কর্মচারীরা নিজেদেরকে ব্রিটিশ রাজা মনে করে। ব্রিটিশ রাজা শব্দ জনগণের মনে গেঁথে দিয়ে বর্তমান সরকারের দুর্নীতির বিরুদ্ধে জনগণের মারমুখী মানসিকতা সৃষ্টি করা।

জ. ইলিশ রপ্তানি: মুসলমান জেলেদের পেটে লাথি দিয়ে হিন্দুদের পূজায় কম দামে ইলিশ পাঠানোর ইস্যুটিকে সরকারের মুসলমান বিরোধী অবস্থান হিসেবে তুলে ধরা।

ঝ. ট্রাফিক জরিমানা ও ইনস্যুরেন্স: বর্তমান সরকার গাড়ির মামলা দিয়ে সাধারণ মুসলমানদের পেটে লাথি মারে এবং ইনস্যুরেন্সের নামে মুসলমানদের টাকা দিতে বাধ্য করে। এই খাজনার বিরুদ্ধে জনসচেতনতা তৈরি করা।

ঞ. পরিবেশ ও শিল্প বর্জ্য: বর্তমানে গার্মেন্টস, ডাইং ও চামড়া শিল্পের কোম্পানিগুলোর বিষাক্ত বর্জ্য নদীতে ফেলার কারণে মাছ উৎপাদন কমেছে; যার ফলে সাধারণ মুসলমানের অভাবে দিন কাটচ্ছে। কোম্পানিগুলোর বিরুদ্ধে জনসচেতনতা তৈরি করা।

ট. রাজনৈতিক দলের আয়: ইসলামিক সরকার শুধু বাইতুল মাল নাম দিয়ে মুসলমানদের থেকে অর্থ আদায় করতে পারবে। বর্তমানে কোন রাজনৈতিক দল এই নাম ব্যবহার করতে পারবে না।

ঠ. সরকারি জমি: এই জমিন আল্লাহর, অথচ বর্তমান সরকার মুসলমান বাস্তুহারাদের জমি দেয় না। সরকার নিজের কার্যালয়ের জন্য ব্রিটিশ নিয়মে বড় বড় জমি দখল করে। সরকারি পরিত্যক্ত জমি পাওয়া মুসলমানদের নৈতিক অধিকার।

ড. ইন্টারনেট ব্যবস্থা: ইন্টারনেট হলো খ্রিষ্টানদের আধিপত্য, পর্নোগ্রাফি, যিনা, পরকীয়া, জুয়া এবং ইবলিশের প্রচারণার প্রধান মাধ্যম। মুসলমানদের এই ফিতনা থেকে বাঁচাতে হলে সমুদ্রের নিচের অপটিক্যাল কেবল ধ্বংস করতে হবে।

ঢ. এনজিও ও সুদ কোম্পানি: সুদে টাকা নেওয়া ব্যক্তিদের কিস্তি বা টাকা ফেরত না দিতে উৎসাহিত করা এবং সুদের অফিসগুলোকে ধ্বংস করা। সুদের বিরুদ্ধে আল্লাহ যুদ্ধ ঘোষণা করেছেন। মুসলমানরা কি যুদ্ধের ঘোষণা শুনে যুদ্ধ করবে না?

ণ. বৈদেশিক ঋণ: উন্নয়নের নামে নেওয়া আইএমএফ ও বিশ্বব্যাংকের ঋণের টাকা বর্তমান মন্ত্রীরা খ্রিষ্টানদের দেশে পাচার করে। মুসলমানদের টাকা দিয়ে বর্তমান মন্ত্রীরা খ্রিষ্টানদের উন্নয়ন করছে—এই তথ্য সাধারণ মুসলমানের সামনে তুলে ধরা।

৭. **সময় অনুযায়ী যুদ্ধ এবং মুসলমানদের চূড়ান্ত বিজয়**: বর্তমান ঘুণেধরা গণতান্ত্রিক সরকার ব্যবস্থাকে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত করলে কাফেররা অবধারিতভাবে মুসলমানদের ওপর চড়াও হবে, যা যুদ্ধের ক্ষেত্র প্রস্তুত করবে। এই যুদ্ধের ক্ষেত্রের ফলে একদিকে কাফের শক্তি দুর্বল হবে, অন্যদিকে ঈমানদার মুসলমানরা কৌশলগতভাবে শক্তিশালী হয়ে উঠবে।

মুমিন মুসলমানরা কেন যুদ্ধ করবে:

ক. মদিনা রাষ্ট্র পুনরুদ্ধার: যুদ্ধ ছাড়া কোন ব্যবস্থার সম্পূর্ণ নতুন সংস্করণ করা সম্ভব নয়। যুদ্ধহীন অবস্থায় বহু মত ও পথের সৃষ্টি হয়, যা ভবিষ্যতে বিদ্রোহ বা গৃহযুদ্ধের পথ প্রশস্ত করে। তাই একটি চূড়ান্ত ফয়সালার জন্য যুদ্ধের কোন বিকল্প নেই।

খ. স্বল্প সংখ্যায় বিজয়ের ইতিহাস: বড় যুদ্ধের প্রস্তুতি থাকলে ছোট ছোট বাধাগুলো সহজেই ডিঙানো যায়। মুসলমানদের ইতিহাস সাক্ষ্য দেয়, মুসলমানরা সবসময় কম সংখ্যা নিয়েই বড় বড় বাহিনীকে পরাজিত করে। যেমন—তালুত ও জালুতের যুদ্ধ, বদর যুদ্ধ, হুনাইন যুদ্ধ এবং আইন জালুতের যুদ্ধ।

গ. শক্তি সঞ্চয়: আরবদের সাথে মাত্র ৬ দিনের যুদ্ধে জয়ী হয়ে ইসরায়েল আজ বিশ্বশক্তিতে পরিণত হয়েছে। আরব-ইসরায়েল যুদ্ধ মূলত একটি শক্তির সক্ষমতা ও শ্রেষ্ঠত্বের প্রমাণ দেয়, যা ইসরায়েলকে বেপরোয়া করে তোলে।

ঘ. আল্লাহর আইন: মুসলিম বঙ্গের পরিস্থিতি স্বাভাবিক করা এবং মদিনা রাষ্ট্রের আলোকে দেশ পরিচালনার সকল কার্যক্রম প্রকাশ্যে চালু করার জন্য চূড়ান্ত যুদ্ধ অপরিহার্য।

ঙ. খ্রিষ্টানদেকে চ্যালেঞ্জ: বর্তমান গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থাকে সরাসরি চ্যালেঞ্জ জানানো এবং মুসলিম বঙ্গকে আনুষ্ঠানিকভাবে একটি ইসলামিক রাষ্ট্র হিসেবে ঘোষণা করার জন্য যুদ্ধ প্রয়োজন।

চ. মুমিন ও মুনাফিকের পার্থক্য: যুদ্ধের ময়দানই হলো একমাত্র জায়গা যেখানে ছদ্মবেশী মুনাফিক এবং সত্যনিষ্ঠ মুমিনদের মধ্যকার পার্থক্য স্পষ্টভাবে ফুটে ওঠে।

ছ. নেতৃত্ব প্রতিষ্ঠা: নতুন সামরিক বাহিনী গঠন এবং সমাজের আলেম, মুফতি ও ইমামদেরকে প্রকৃত নেতা হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য যুদ্ধই পথ তৈরি করে দেবে।

জ. আত্মসমর্পণ: বর্তমান সামরিক ও পুলিশ বাহিনীকে অস্ত্র সমর্পণে বাধ্য করা এবং সেনানিবাস ও থানাগুলোকে ইসলামিক সরকারের নিয়ন্ত্রণে নিয়ে আসার জন্য যুদ্ধ প্রয়োজন।

খ্রিষ্টান গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার অবসান এবং গাজওয়াতুল হিন্দ: খ্রিষ্টানদের গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার তাণ্ডবে আজ ৯০ শতাংশ মুসলমান ইসলাম থেকে দূরে সরে গেছে। বাংলাদেশে ইসলামের দাওয়াহ এবং মুমিন—উভয়ই আছে। এখন মুসলমানদের প্রধান কাজ হলো হিজরতের প্রস্তুতি নেওয়া এবং রাসূল (সা.)-এর ইঙ্গিত অনুযায়ী হিজরতের স্থান চূড়ান্ত করা। ইনশাআল্লাহ, হিজরতের স্থান চূড়ান্ত হলে সেখানে অবস্থানরত প্রস্তুত মুজাহিদদের নিয়ে মুসলিম বঙ্গের মানচিত্র অনুযায়ী মদিনা রাষ্ট্রব্যবস্থা চালুর জন্য যুদ্ধ শুরু হবে। মুসলমানরা যখন মদিনা রাষ্ট্র কায়েম করতে যাবে, তখন ভারত ও আমেরিকা মুসলমানদের ওপর হামলা করবে। ভারত ও আমেরিকার এই বৃহৎ হামলাই হয়তো সেই কাঙ্ক্ষিত গাজওয়াতুল হিন্দ।

ভারত যখন মুসলমানদের সাথে যুদ্ধ করতে আসবে, তখন মুসলিম বঙ্গের মুমিনরা আরাকান এবং কাশ্মীরের মুজাহিদদের দিয়ে দুই দিক থেকে সাঁড়াশি আক্রমণ চলবে। ইনশাআল্লাহ এতে কাফের বাহিনী দুর্বল হয়ে পড়বে এবং পরাজিত হবে। মূলত আরাকান যুদ্ধের মাধ্যমেই গাজওয়াতুল হিন্দ যুদ্ধের সূচনা হয়ে গেছে, এখন শুধু যুদ্ধের বিস্তার বাকি। জাতিসংঘ ও কাফিররা এই সত্য গোপন করতে কোটি কোটি টাকা ব্যয় করে। কিন্তু আল্লাহ তাআলা বলেন: বরং আল্লাহ সত্যকে মিথ্যার ওপর নিক্ষেপ করে, অতঃপর সত্য মিথ্যার মস্তক চূর্ণ-বিচূর্ণ করে দেয়, ফলে মিথ্যা তৎক্ষণাৎ নিশ্চিহ্ন হয়ে যায়। (সূরা আম্বিয়া: ১৮)

মুসলিম বঙ্গের ইসলামিক রাজনীতি (মুসলমানদের রাজনীতি)

ইসলামিক সরকার গঠনের পরে মুসলমানরা কীভাবে সমাজে রাজনীতি করবে, কীভাবে জনগণের নিকট দাওয়াহ প্রদান করবে এবং কোন শ্রেণির জনগণকে আগে দাওয়াহ দেবে, তা ঠিক করতে হবে। মুসলমানরা রাজনীতি সাজাবে সাহাবিদের রাজনৈতিক আদর্শকে অনুসরণ করে। মুসলমানদের রাজনীতির লক্ষ্য ও উদ্দেশ্য হলো জনগণকে আল-কোরআনের দিকে নিয়ে যাওয়া, যাতে জনগণ মদিনা রাষ্ট্রব্যবস্থাকে নতুন মনে না করে। মুসলমানদের রাজনৈতিক কৌশল হবে এমন—যেখানে একদিকে বর্তমান সরকারের ওপর জনগণের ঘৃণা জন্মাবে, অন্যদিকে মুসলিম বঙ্গকে তারা ভালোবাসবে।

বর্তমান রাজনীতি মুসলমানদের রাজনীতি নয়। মুসলিম বঙ্গের নতুন রাজনীতিকে অনেকে গ্রহণ করবে না; এই জন্য যাতে মুসলমানরা হতাশ না হয়, সেই জন্য আল্লাহ তাআলা বলেন—আল্লাহ যখন তালুতকে রাজা নির্বাচন করলেন, তখন অনেক ইহুদী আলেম তালুতকে রাজা মানেনি। তারা রাজা মানুক আর না মানুক, আল্লাহ তাআলা সূরা আল-আনফালের ৬০ নং আয়াতে নির্দেশ দিয়েছেন, মুসলমানগণ যেন কাফেরদের মোকাবিলার জন্য যথাসাধ্য শক্তি এবং পালিত ঘোড়া-রণকৌশল প্রস্তুত রাখে। শক্তি ও রণকৌশলের মাধ্যমে মুসলমানগণ আল্লাহর শত্রুকে এবং মুসলমানদের শত্রুকে ভয় দেখাবে। এ ছাড়া অন্য শত্রুদেরকেও ভয় দেখাবে যাদেরকে মুসলমানগণ চেনে না, কিন্তু আল্লাহ চেনেন। আমরা বর্তমান মুসলমানরা শত্রুদের ভয় দেখানোর জন্য সর্বপ্রথম তাদের আয়ের উৎসসমূহ বন্ধ করে দেবো, যা রাসূল (সা.) মক্কার কাফেরদের জন্য করেছিলেন। ইনশাআল্লাহ, মুসলমানদের শত্রুদের ভয় দেখানোর জন্য কাফেরদের আয়ের উৎসসমূহ বন্ধ করাই যথেষ্ট হবে।

বর্তমান সময়ে মুসলিম বঙ্গের রাজনীতি ঠিক করার পূর্বে মুসলমানদের লক্ষ্য ও উদ্দেশ্য ঠিক করতে হবে। মুসলমানদের লক্ষ্য ও উদ্দেশ্য ঠিক করতে পারলে, আমরা মুসলিম বঙ্গের রাজনীতি ঠিক করতে পারবো। রাজনীতি ঠিক হলে মুমিনগণ যখন যেভাবে পারবেন, সাধারণ মুসলমানদেরকে নতুন রাজনীতির বয়ান বোঝাবে।

মুমিন মুসলমানদের রাজনীতির লক্ষ্য ও উদ্দেশ্য:
ক. সকল শ্রেণির মুসলমানদেরকে নামাজে উপস্থিত করা।
খ. মুসলমানদের নিসাব পরিমান অর্থ থেকে যাকাত আদায় নিশ্চিত করা।
গ. মুসলমান দরিদ্রদের রোজা নিশ্চিত করার জন্য রমজান মাসের এক সপ্তাহ পূর্বে যাকাতের অর্থ বিতরণ করা।
ঘ. মুসলমানরা যাকাত দেওয়ার পরে যারা সামর্থ্যবান, তাঁদেরকে হজ্জ করার জন্য বাইতুল্লাহ পর্যন্ত পৌঁছানো।
ঙ. মুসলমানদের মধ্য থেকে ইসলামিক দল-প্রথা বিলুপ্ত করে সবাইকে এক আল্লাহর বান্দা করা।
চ. মুসলমানদের মধ্যে গরীব ও ধনীর দূরত্ব কমিয়ে আনা।
ছ. মুসলমান প্রজন্ম তৈরি করার জন্য সকল শিক্ষা ব্যবস্থাকে দেওবন্দ কেন্দ্রিক করা।
জ. বর্তমান গণতান্ত্রিক সরকার ব্যবস্থাকে আর্থিক চাপে ফেলা।
ঝ. মুসলমানদের সকল প্রতিষ্ঠানে শূরা পদ্ধতি চালু করা এবং খ্রিষ্টানদের সভাপতি, চেয়ারম্যান ও ডিরেক্টর পদ্ধতি বাদ দেওয়া।
ঞ. ইসলামিক রাষ্ট্রের গুরুত্ব বৃদ্ধি করার জন্য জনগণকে আর্থিক প্রতিশ্রুতি দেওয়া।
ট. মুসলমানদের মধ্য থেকে ইমাম ও আলেমদেরকে সমাজের নেতৃত্বে নিয়ে আসা।
ঠ. মুসলমানদের পরিবার থেকে সকল প্রকার কুসংস্কার দূর করা। যেমন- জ্বিন, কুফরি, কালো জাদু, লালনগীতি, ভণ্ড পীর।
ড. মুসলমানদের মধ্যে শ্রেণি ভিত্তিক মানুষকে পৃথক পৃথকভাবে সংশোধন করা। যেমন- আপনি দিনমজুরকে শিক্ষিত ব্যক্তির ন্যায় উপদেশ দিলে হবে না। আবার উচ্চবিত্ত ব্যক্তিকে শিক্ষিত ব্যক্তির ন্যায় উপদেশ দিলে হবে না। যারা দিনমজুর, তাদের মধ্যে ইসলামিক সরকারকে প্রবেশ করতে হবে তাদের অধিকার আদায়ের মাধ্যম দিয়ে। যারা শিক্ষিত, তাদের মধ্যে প্রবেশ করতে হবে শান্তি ও আর্থিক উন্নয়নের মাধ্যম দিয়ে। যারা উচ্চবিত্ত, তাদের মধ্যে প্রবেশ করতে হবে তাদের থেকে অধিকার আদায়ের মাধ্যম দিয়ে।

বর্তমান সরকারের অর্থ ব্যবস্থার উপর আর্থিক প্রভাব ফেলার রাজনীতি: শত্রুর অর্থ ব্যবস্থাকে দুর্বল করা সুন্নত, যা মুসলমানরা রাসূল (সা.)-এর সারিয়্যা অভিযান থেকে জানতে পারে।

ক. মুসলমানদের সরকার কিছু খাত থেকে কোন খাজনা নেবে না। বর্তমান গণতান্ত্রিক সরকার ব্যবস্থা কর নাম দিয়ে বিপুল পরিমাণ খাজনা লুট করছে, খাজনা লুটের খাতগুলো হলো: শিক্ষা খাতের রেজিস্ট্রেশন, গাড়ি নিবন্ধন, সম্পদ হস্তান্তর, বিবাহ নিবন্ধন, লাইসেন্স, মামলা এবং রোড পারমিট। এই সকল খাজনা কারণে সাধারণ মুসলমান দিন দিন গরিব হচ্ছে।

খ. মুসলমানদের সরকার হাট-বাজার থেকে খাজনা তোলা বন্ধ করে দেবে। গরিব মুসলমান বাড়ি থেকে নারকেল, সুপারি, হাঁস, মুরগি বিক্রয় করার জন্য হাটে নিয়ে যায়, এই সব বিক্রয় করার পরে বর্তমান গণতান্ত্রিক সরকারের ইজারাদার গরিব মুসলমান থেকে খাজনা আদায় করে। অভাবের কারণে গরিব মুসলমান এই সকল পণ্য বিক্রয় করছেন। এই সকল পণ্য থেকে খাজনা আদায় করা কি ঠিক?

গ. মুসলমানদের সরকার বসত বাড়ি/ জমির উপর খাজনা বন্ধ করে দিবে। বর্তমান গণতান্ত্রিক সরকার বসত বাড়ি/ জমির ওপর খাজনা আদায় করে। আল্লাহর জমি মুসলমান মালিক সরকারকে কেন খাজনা দিতে হবে। ধরুন বন্যার কারণে আপনার জমিতে ফসল হন নাই, কিন্তু খ্রিষ্টানদের নিয়মে আপনাকে জমির খাজনা দিতে হবে। তাও আবার দেরি করে দিলে খাজনার উপর সুদ দিতে হয়। মুসলিম দেশে কাফেররা বসবাস করলে কর দিতে হয়, মুসলমানরা কি কাফের যে গণতান্ত্রিক সরকারকে কর দেবে?

ঘ. মুসলমানদের সরকার গাড়ির ইনস্যুরেন্স এবং মামলা বন্ধ করে দেবে। বর্তমান গণতান্ত্রিক সরকার গাড়ির ইনস্যুরেন্স ও মামলা দিয়ে বিপুল পরিমান অর্থ লুট করছে, এতে করে সাধারণ মুসলমান দিন দিন গরিব হচ্ছে।

ঙ. মুসলমানদের সরকার মোবাইল কল, বিদ্যুৎ বিল, পানি বিল, গ্যাস বিল থেকে কোন প্রকার ভ্যাট কর্তন করবে না। আপনি মিটারে ৫০০ টাকা প্রবেশ করালে, গণতান্ত্রিক সরকার বিভিন্ন খাত দেখিয়ে ১৫০ টাকা কেটে নেয়, বাকি ৩৫০ টাকা মিটারে প্রবেশ করে। মুসলমানদের সরকার আপনার ৫০০ টাকা সম্পূর্ণই মিটারে প্রবেশ করাবে।

চ. মুসলমানদের সরকার সকল প্রকার মূল্য সংযোজন কর (VAT) বন্ধ করে দেবে। গণতান্ত্রিক সরকার কর (VAT) বসিয়ে জনগণের সম্পদ লুট করছে। যেমন- আপনি মোবাইলে ১০০ টাকা রিচার্জ করলে কার্যত মাত্র ৪৩ টাকা ৭০ পয়সা ব্যবহার করতে পারবেন। ৫৬.০৩ টাকা কর্তন করা থেকে বুঝা যায়, খ্রিষ্টানদের নিয়মে গণতান্ত্রিক সরকার কী পরিমাণ অর্থ লুট করছে।

ছ. মুসলমানদের সরকার সকল প্রকার আয়কর কর্তন বন্ধ করে দেবে। গণতান্ত্রিক সরকার আয়কর এবং বেসরকারি প্রতিষ্ঠানের আয়ের ওপর সরাসরি কর ধার্য করে। মুসলমানদের রক্তমিশ্রিত অর্থ থেকে খ্রিষ্টানদের গণতান্ত্রিক সরকার কী পরিমাণ অর্থ লুট করছে, তা মুসলমানরা চিন্তাও করতে পারবেন না। যেমন- আপনি প্রতি মাসে এক লক্ষ টাকা আয় করেন। তাহলে সরকারকে ৫,৬২৫/- আয়কর দিতে হবে। এরপর আপনি বিদ্যুৎ বিল দিতে গেলে সেখানে কর (VAT), প্যাকেটজাত পণ্য কিনতে গেলে সেখানে কর (VAT)। এইভাবে এক জন্য মুসলমান থেকে মাসে ৩০ থেকে ৪০ হাজার টাকা কর কেটে নেওয়া হয়।

জ. মুসলমানদের সরকার জেলেদেরকে ১২ মাস নদীতে মাছ ধরতে দেবে। মুসলমানদের দেশ নদীমাতৃক দেশ। মুসলমানরা মাছ ধরব আর খাব—এইটাই মুসলমানদের সামাজিক নীতি। কিন্তু গণতান্ত্রিক সরকার পূজাতে মাছ পাচার করার জন্য নদীতে মাছ ধরা নিষেধ করে।

ঝ. মুসলমানদের সরকার সকল মসজিদে ও মাদ্রাসাতে বিনামূল্যে বিদ্যুৎ দেবে এবং ইমাম ও মুয়াজ্জিনগণ সরকারি ভাবে বেতন পাবেন। ইমাম ও মুয়াজ্জিনগণ ইসলামিক সরকারের নিকট সম্মানিত।

ঞ. মুসলমানদের সরকারের নিকট প্রবাসীরা অনেক সম্মানিত। যে সকল প্রবাসী বিদেশে অসুস্থ হয়ে দেশে আসবেন, তাঁদের জন্য ইসলামিক সরকার চিকিৎসা সম্পূর্ণ বিনামূল্যে (ফ্রি) করে দেবে। ইসলামিক সরকার প্রবাসীদের কথা শুনেছে যে, তাঁরা বিদেশে চিকিৎসককে বুঝিয়ে নিজের অসুস্থতার কথা বলতে পারে না। এই জন্য প্রবাসীদের দেশে আসতে হয়।

ট. ইসলামিক সরকার সকল গাড়ি চালকের ঘুম নিশ্চিত করার জন্য মহাসড়কের পাশে টার্মিনাল ও মুসাফিরখানা তৈরি করে দিবে, যাতে সড়কে দুর্ঘটনা কমে যায়। মুসাফিরখানা কারণে গাড়ি চালকদের নামাজের আওতায় আনাও সহজ হবে।

ঠ. ইসলামিক সরকার গ্রুপ কোম্পানির ব্যবসায় সীমাবদ্ধতা আনবে। বর্তমানে গ্রুপ কোম্পানিগুলো বেশি ঋণখেলাপি, গ্রুপ কোম্পানিগুলো কারণে ছোট ব্যবসায়ীরা লোকসানে আছে এবং যুবকরাও নতুন ব্যবসার সুযোগ পাচ্ছে না।

ড. ইসলামিক সরকার করজে হাসানা প্রথা চালু করবে। দেশের মধ্যে ইনস্যুরেন্স কোম্পানি, ক্ষুদ্রঋণ কোম্পানি, এনজিও, এমএলএম কোম্পানি ও সমবায় কোম্পানি বন্ধ করে দেওয়া হবে। তারা মুসলমানদের ঋণ দিয়ে গোলাম বানিয়ে সম্পদ লুণ্ঠন করে। হারামখোরদের কারণে সাধারণ মুসলমান দিন দিন গরিব হচ্ছে।

ঢ. ইসলামিক সরকার প্রতি চল্লিশ-৪০ কি: মি: সড়ক ১ বছরের মধ্যে পুনর্নির্মাণ করবে। গণতান্ত্রিক সরকারের চল্লিশ-৪০ কি: মি: সড়ক নির্মান করতে সময় লাগায় ২ থেকে ৩ বছর। এই দীর্ঘ সময়ের কারণে জনগণ ও যানবাহন ক্ষতির সম্মুখীন হয়। গণতান্ত্রিক সরকারের সীমাহীন দুর্নীতির কথা আর নাই বললাম।

ণ. ইসলামিক সরকার এক-১ বছরের মধ্যে সকল জমির মামলা নিষ্পত্তি করবে। খ্রিষ্টান আইনে বিচার পেতে মুসলমানরা বছরের পর বছর ধরে মামলা চালান অথচ কোন ফলাফল পান না। তার ওপর উকিলকে অর্থ দিতে দিতে সাধারণ মুসলমানের সম্পদ তলানিতে চলে যায়। শেষে দেখা যায় মুসলমানদের সময় ও অর্থ দুটিই বৃথা যায়।

ত. ইসলামিক সরকার সকল নদী-খাল পরিষ্কার করবে, শুধু সেন্টমার্টিন বা সাদা পাথর নয়। বর্তমানে দেশে কোম্পানিদের ছোট প্যাকেটে নদী-খাল ভরে গেছে। যার ফলে মাছ উৎপাদন কমে গেছে।

ম. ইসলামিক সরকার সকল পুরুষের জন্য ব্যবসা বা চাকরি নিশ্চিত করবে। বর্তমানে দেশে অনেক মুসলমান বেকার আছে যার প্রকৃত সংখ্যা উল্লেখ করা হয় না। খ্রিষ্টানরা চায় মুসলমানরা বেকার থাকুক যাতে খ্রিষ্টানদের মুখাপেক্ষী হয়।

মুসলমানদের নিয়ে ইসলামিক সরকারের মহড়ার রাজনীতি:

ক. সকল ইমাম ও মুয়াজ্জিন যাতে নিজেদেরকে সমাজের নেতা মনে করেন এবং সকল মুফতি যাতে নিজেদেরকে বিচারক মনে করেন—এমন মনোভাব তাদের মধ্যে সৃষ্টি করার জন্য সম্মেলন করা।

খ. সকল মাদ্রাসার শিক্ষক যাতে নিজেদেরকে সামরিক কমান্ডার মনে করেন এবং সকল মাদ্রাসার ছাত্র যাতে নিজেদেরকে সামরিক সৈন্য মনে করে—এমন মনোভাব তাদের মধ্যে সৃষ্টি করার জন্য সম্মেলন করা।

গ. যাকাত সম্মেলন, হজ্জ এজেন্সি সম্মেলন, ওয়াকফ সম্মেলন, মাদ্রাসা সম্মেলন, ইসলামিক লেখক ও পাঠক সম্মেলন, দ্বীনে ফেরা সম্মেলন করা।

ঘ. কৃষক ও শ্রমজীবীদের নিয়ে সম্মেলন করা, যাতে মেহনতি মানুষ নিজেদেরকে দেশের অর্থনীতির মূল চালিকাশক্তি মনে করে।

ঙ. এতিম ও গরিবদের নিয়ে সম্মেলন করা, সমাজের বিত্তবানরা যাতে নিজেদেরকে এতিম ও অসহায়দের অভিভাবক মনে করেন এমন মনোভাব সৃষ্টির জন্য সম্মেলন করা।

মুসলিম বঙ্গের সামাজিক পরিবর্তন মূলক রাজনীতি:

ক. ইসলামিক সরকার জন্মনিবন্ধন পদ্ধতি বাদ দিয়ে দেবে। যারা মুসলিম বঙ্গের জন্মগ্রহণ করবে তাদের কোন জন্মনিবন্ধনের প্রয়োজন নেই। জাতীয় পরিচয়পত্র হলেই যথেষ্ট। মুসলমানদের ব্যস্ত রাখতে খ্রিষ্টানরা এত নিয়ম বের করে।

খ. ইসলামিক সরকার বিনামূল্যে-ফ্রি সকল শিশুকে প্রাথমিক শিক্ষা প্রদান করবে। সকল শিশুর জন্য প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক হবে। আল্লাহকে মুসলমানরা চিনুক তা ইহুদী ও খ্রিষ্টানরা চায় না।

গ. ইসলামিক সরকার সকল গার্মেন্টস কর্মী, কারখানা কর্মী ও দিনমজুরের জন্য পাঁচ-৫ ওয়াক্ত নামাজের ব্যবস্থা করবে, যাতে তারা ইবাদত ও বিশ্রাম নিতে পারে।

ঘ. ইসলামিক সরকার আহলে জিম্মাহদের জন্য পৃথক শিক্ষাপ্রতিষ্ঠান করে দেবে, যা তাদের ধর্মীয় নীতি অনুসারে পরিচালিত হবে।

ঙ. ইসলামিক সরকার অন্যায়ভাবে হত্যাকারীর মৃত্যুদণ্ড এক-১ মাসের মধ্যে কার্যকর করবে। আল্লাহর নির্দেশে এই শাস্তি, কারো ব্যক্তিগত নীতি নয়।

চ. ইসলামিক সরকার মুসলমানদের রাজনীতি ঠিক করবে। মুসলমানদের প্রতিটি পদক্ষেপ হবে কাফেরদের রাষ্ট্রব্যবস্থাকে দুর্বল করতে।

ছ. মুসলমানদের রাজনীতি দুর্বলদের নিয়ে; সকল নবী-রাসূলকে প্রথমত দুর্বলরাই সমর্থন করেছেন। যাকাতের মাধ্যমে সবল ও দুর্বলের মধ্যকার দূরত্ব কমিয়ে আনা হয়। মুসলমানগণ এতিম ও গরিবদের নিয়ে কাজ করবে এবং গরিবদের অধিকার নিয়ে কথা বলবে। নবী ও রাসূলগণের আদর্শ গ্রহণ করলে মুসলমানগণকে ধনীরা প্রত্যাখ্যান করবে।

জ. বাংলাদেশের সাধারণ মানুষ বর্তমানে জামায়াতে ইসলামীকে ইসলামিক দল মনে করে। খ্রিষ্টানদের গণতান্ত্রিক নির্বাচন প্রক্রিয়াকে সরকার গঠনের মাধ্যম মনে করে। খ্রিষ্টান দেশসমূহকে উন্নয়নের মাপকাঠি মনে করে। বাংলাদেশের সাধারণ মানুষ শেষ গন্তব্য হিসাবে খ্রিষ্টান দেশসমূহকে মনে করে। বাংলাদেশের মুসলমানদের মন ও ধারণা থেকে এইসব দূর করতে হবে।

ঝ. ইন্টারনেট, যার অর্থ হলো ভেতরের জাল; এই জাল দিয়ে কাফেররা মুসলমানদের ঈমানকে ধ্বংস করে। তাই কাফেরদের এই জাল কর্তন করতে হবে। এতে করে মুসলমানদের নিজস্ব মিডিয়া ও সার্ভার উন্নত হবে এবং খ্রিষ্টানদের উপর নির্ভরশীলতা ও তাদের প্রভাব কমবে।

ঞ. ইসলামিক সরকার বসতবাড়িতে বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রাথমিক শিক্ষার্থীকে প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষা প্রদান করবে। বর্তমান সময়ে স্কুলে নাচ-গান শেখানো হয় অথচ বর্জ্য ব্যবস্থাপনা শেখানো হয় না।

ট. মুসলিম বঙ্গের মানুষ আল্লাহর আইনের বিচার সম্পূর্ণ ফ্রি পাবে, বিচারের জন্য কোন উকিল ধরতে হবে না।

ইসলামিক আমিরাত মুসলিম বঙ্গের আন্তর্জাতিক রাজনীতি:

ক. ইসলামিক সরকার আরকান মুসলিমদের-রোহিঙ্গা প্রত্যাবর্তনের জন্য সামরিক অভিযান শুরু করবে।

খ. ইসলামিক সরকার বাবরি মসজিদ পুনরুদ্ধার করবে।

গ. ইসলামিক সরকার কাশ্মীরকে ইসলামিক রাষ্ট্র করার জন্য সাহায্য করবে।

ঘ. ইসলামিক সরকার করিমগঞ্জ ও মুর্শিদাবাদকে মুসলিম বঙ্গের সাথে সংযুক্ত করবে।

ঙ. ইসলামিক সরকার মেঘালয়ের ইছামতী-ভোলাগঞ্জ-মাওলাই-উমলিং, অসমের করিমগঞ্জ-শিলচর-তিনসুকিয়া-ডিব্রুগড়-ধুবড়ি, ত্রিপুরার খুমুলুঙ-গন্ডাছড়া, অরুণাচল প্রদেশের দিয়ুন-বোর্দুমসা, মিজোরামের লুংলেই-কমলাপুর, নাগাল্যান্ডের দিমাপুর-কোহিমা, মণিপুরে ইম্ফল-মোরহ অঞ্চলের বাংলাভাষী ব্যক্তিকে ট্যাক্স ফ্রি ব্যবসা ও ট্যাক্স ফ্রি যাতায়াত করার সুযোগ দিবে। এই সকল অঞ্চলের বাঙালিদের অধিকার আদায়ের জন্য ইসলামিক সরকার সব সময় সাহায্য করবে।

মুসলিম বঙ্গের ইসলামিক সরকারের গ্রহণযোগ্যতা বৃদ্ধির রাজনীতি:
ক. বর্তমান সরকারের কর্মীরা নিজেদেরকে ব্রিটিশ-নিয়োগকৃত রাজা মনে করে। তাদের ওপর জনগণের মারমুখী মনোভাব সৃষ্টি করার জন্য যেখানে যেখানে নদীভাঙন, সড়ক ভাঙন হবে, সেখানে সমাবেশ করে প্রতিবাদ করা।

খ. ইসলামিক সরকার বস্তুহারাদের জন্য জমির ব্যবস্থা করে দেবে। গণতান্ত্রিক সরকার বস্তুহারাদের জমি না দিয়ে, নিজের জন্য অনেক জমি বরাদ্দ করে। যে সরকার মুসলমানদের জমি দিতে পারে না, সেই সরকার কীভাবে মুসলমানদের সরকার হয়?

গ. বাংলাদেশে যারা প্রতি মাসে রেমিটেন্স পাঠান, ইসলামিক সরকার তাদের বিমান ভাড়া থেকে কোন প্রকার কর নেবে না। প্রবাসী ভাইয়েরা অনেক কষ্ট করে দেশে রেমিটেন্স পাঠায়। আর গণতান্ত্রিক সরকারের মন্ত্রীরা কাগজের নোট ছাপিয়ে মানুষকে দেয় এবং বলে খরচ করো। অন্যদিকে, মন্ত্রীরা সব রেমিটেন্স খ্রিষ্টান দেশে তাদের বউ-বাচ্চার কাছে পাঠিয়ে দেয়। যার কারণে দেশের মধ্যে কাগজের টাকা বেশি হয়ে যায়, তখন মন্ত্রীরা গ্রুপ কোম্পানিগুলোকে বলে পণ্যের দাম বাড়িয়ে দিতে। কোম্পানিগুলো দাম বাড়িয়ে দেওয়ায় কারণে মুসলমানরা ১ টাকার পণ্য ৫ টাকা দিয়ে কিনতে হয়।

ঘ. ইসলামিক সরকার বিনামূল্যে রেমিটেন্স যোদ্ধার মৃতদেহ তাদের স্বজনদের নিকট পৌঁছে দেবে। বর্তমানে সবাই বলে প্রবাসীরা রেমিটেন্স যোদ্ধা অথচ এই যোদ্ধা যখন প্রবাসে মৃত্যুবরণ করে তখন বর্তমান সরকার তাদের মৃতদেহের কোন খবর রাখে না।

ঙ. ইসলামিক সরকার বিনামূল্যে শ্রমিক প্রবাসীদের পাসপোর্ট প্রদান করবে। যেসব প্রবাসী ভাই সঠিক পথে দেশে রেমিটেন্স পাঠাবেন, তাঁদেরকে বিনামূল্যে-ফ্রি পাসপোর্ট প্রদান করবে।

চ. ইসলামিক সরকার প্রাকৃতিক গ্যাস বোতলজাত করে বিক্রি করবে। বর্তমান সরকার মুসলমানদের প্রাকৃতিক গ্যাস কম দামে খ্রিষ্টানদের পোশাক বানাতে গার্মেন্টস কোম্পানিদের দেয়। যদিও আমরা রেমিটেন্স পাই, তাতে লাভ কী, সকল রেমিটেন্স আবার মন্ত্রীরা খ্রিষ্টানদের দেশে পাচার করে। অন্য দিকে, মুসলমানদের নদীসমূহ ধ্বংস হচ্ছে গার্মেন্টসের বর্জ্য দিয়ে। তার ওপর মুসলমানদের বেশি দামে এলপিজি গ্যাস কিনতে হয়।

মুসলিম বঙ্গের ইসলামিক সরকারের আয়ের উৎসসমূহ: ইসলামিক সরকার রাষ্ট্র পরিচালনার জন্য অর্থ আয় কীভাবে করবে। আগে বলে রাখি, ইসলামিক সরকার ব্যবস্থা পরিচালনার জন্য বর্তমান সরকারের অর্ধেক (৫০%) অর্থ হলেই যথেষ্ট।

ক. যেই সকল ব্যবসা একক মালিকানাধীন হলে সম্পদ জমা হবে, সেই সকল ব্যবসা ইসলামিক সরকার করবে। উক্ত ব্যবসা থেকে অর্জিত অর্থ দিয়ে ইসলামিক সরকার রাষ্ট্র পরিচালনা করবে। যেমন- লোহা, বালু, পাথর, সিমেন্ট, সকল প্রকার তেল, গ্যাস, বিদ্যুৎ, পানি, মোবাইল-কল, চা পাতা, পাট, চামড়া ও কেমিক্যাল সহ বিভাজন অযোগ্য ব্যবসা ইসলামিক সরকার করবে।

খ. দেশে ১টি মাত্র সুদবিহীন ব্যাংক থাকবে যা ইসলামিক সরকার নিয়ন্ত্রণ করবে। সেবার মাধ্যমে ব্যাংক থেকে আয়কৃত অর্থ রাষ্ট্র পরিচালনার কাজে ব্যয় করবে।

গ. দেশের উন্নয়নের জন্য জনগণের নিকট বিনিয়োগ চাওয়া হবে। ইসলামিক সরকারও বিনিয়োগ করে যে অর্থ আয় করবে তা রাষ্ট্রের জন্য ব্যয় করবে।

ঘ. মুসলমানদের কেন্দ্রিয় কোষগারকে বাইতুল মাল বলা হয়। ইসলামিক সরকার বাইতুল মাল পূরণের জন্য জনগণের নিকট সদাকা চাইবে।

ঙ. মুসলমানদের ক্ষুদ্র ব্যবসা নীতির কারণে পণ্য সরবরাহ-সাপ্লাই চেইন ঠিক রাখার জন্য ইসলামিক সরকার ব্যবসা করবে। সরকার পণ্য সরবরাহ থেকে অর্জিত অর্থ রাষ্ট্রের জন্য ব্যয় করবে।

চ. ইসলামিক সরকার বন্দর, বিমান, রেল ও গণপরিবহন সেবা প্রদানের মাধ্যমে অর্থ উপার্জন করে তা রাষ্ট্রের জন্য ব্যয় করবে।

মুসলমান উম্মাহর ঐক্য (মুসলিম বঙ্গের একতা)

ঐক্য—আমরা সব সময় এই একটি শব্দ শুনতে পাই। শব্দটি ছোট হতে পারে, কিন্তু তা অর্জন করা কঠিন। রাষ্ট্রীয় বা সামাজিক যেকোন নির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য ব্যক্তিগত, দলগত ও সমাজগত মতপার্থক্য ভুলে গিয়ে এক হওয়াকেই ঐক্য বলে। ঐক্য নির্ভর করে শাসনতন্ত্রের ওপর। অর্থাৎ, শাসনতন্ত্রের গঠনপ্রণালী যদি জাতির ঐক্যের জন্য তৈরি করা হয়, তাহলে জাতি ঐক্যবদ্ধ হবে। আর শাসনতন্ত্রের গঠনপ্রণালী যদি জাতির বিভাজনের জন্য তৈরি করা হয়, তাহলে জাতি দলে-উপদলে বিভক্ত হয়ে পড়বে। যেমন- খ্রিষ্টানদের গণতন্ত্র, যার রাজনৈতিক গঠন হলো দেশে একাধিক দল থাকতে হবে। কিন্তু মুসলমানরা খ্রিষ্টানদের গণতন্ত্র দিয়ে মদিনা রাষ্ট্র চালু করার জন্য জাতিকে ঐক্যবদ্ধ করতে চায়, বাস্তবতা হলো তা অসম্ভব। কারণ, মুসলমান পরিচালিত হচ্ছে খ্রিষ্টানদের বিভাজন প্রক্রিয়ার মাধ্যমে। মুমিনরা যদি মুসলমানদেরকে ঐক্যবদ্ধ করতে চায়, তাহলে প্রথমে কিছু মুমিনকে মদিনা রাষ্ট্রব্যবস্থা চালু করতে হবে। এতে গণতন্ত্রের বিলুপ্তি ঘটবে এবং মুসলমানরা ঐক্যবদ্ধ হবে। কারণ, মদিনা রাষ্ট্র নীতিতে দল প্রক্রিয়া নেই। মদিনা রাষ্ট্রের মাধ্যমে মুসলমান জাতিকে তিনটি-৩ বিষয়ের উপর ঐক্যবদ্ধ করতে হবে।

মুসলমান জাতির ঐক্যবদ্ধের তিনটি বিষয়:
১. এক আল্লাহ ২. এক ধর্ম ৩. এক দেশ

এক আল্লাহ: আল্লাহ তাআলার সকল গুণের মধ্য থেকে মাত্র একটি গুণ তিনি মানবজাতিকে দিয়েছেন। তা হলো, মানুষ চাইলে আইন দাতা হতে পারবে। কিন্তু মানুষ চাইলেও রিজিক দাতা হতে পারবেন না। আল্লাহ সকল ক্ষমতার মালিক; তিনি মানবজাতির জন্য পৃথিবীর উপযোগী শ্রেষ্ঠ আইন দিয়েছেন। প্রভু কর্তৃক মানবজাতির জন্য প্রদত্ত আইনকে শাসনতন্ত্র বলে। আল্লাহ সেই প্রভু, যিনি মানবজাতির অজ্ঞ অবস্থায় জন্ম গ্রহণের কারণ এবং পৃথিবী সৃষ্টির সঠিক লক্ষ্য-উদ্দেশ্য ও পৃথিবীর সৃষ্ট সকল বিষয় সম্পর্কে সঠিক ব্যাখ্যা প্রদান করেন। সৃষ্টিকর্তা ব্যতীত অন্য কেউ এর সঠিক ব্যাখ্যা দিতে পারবে না, আর সৃষ্টিকর্তা কর্তৃক প্রদত্ত আইন মানবজাতির জন্য সঠিক, নির্ভুল এবং কল্যাণকর। কিন্তু সৃষ্টিকর্তা ব্যতীত যে কেউ মানবজাতি জন্য আইন দিতে পারে। এই কারণেই সৃষ্টিকর্তার আইন ব্যতীত অনেক আইন দেখা যায়। যেমন -আল্লাহ তাআলা আল-কোরআনের মাধ্যমে মানুষের জন্য আইন দিয়েছেন। আবার খ্রিষ্টানদের গণতন্ত্রে জাতিসংঘের মাধ্যমে মানুষের জন্য আইন দেয়। মুসলমানদের মধ্যে অনেক মানুষ আছে, যারা মুখে আল্লাহর ইবাদত করে, কিন্তু আইন মানে খ্রিষ্টান গণতন্ত্রের। মুসলমানদের একমত করতে হবে যে, এক আল্লাহ তাআলা মুসলমানদের আইন দাতা এবং অন্য কারো আইন মুসলমানরা মানবে না।

